# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 29 March, 2025

বিশ্বখ্যাত হার্ভার্ড বিজনেস স্কুলের অধ্যাপকেরা ২০১৭ সালে অ্যাম্পায়ার লিডারস প্রোগ্রাম চালু করেছিল।এই বিশেষ উদ্যোগের লক্ষ্য হলো বিশ্বব্যাপী সুবিধাবঞ্চিত যুবকদের শিক্ষার মাধ্যমে দক্ষ করে তোলা এবং তাদের সম্প্রদায়ে ইতিবাচক পরিবর্তন আনতে সহায়তা করা। প্রোগ্রামটির অন্যতম আকর্ষণীয় দিক হলো, এতে অংশ নিতে আইইএলটিএস স্কোরের প্রয়োজন নেই। সম্পূর্ণ অর্থায়িত এই কোর্সটি ৮ সপ্তাহের, যেখানে আন্তর্জাতিক শিক্ষার্থীসহ বিশ্বের বিভিন্ন প্রান্তের মেধাবী তরুণদের সঙ্গে যোগাযোগের সুযোগ থাকে।

আবেদনের সুযোগ পাবেন যারা: আর্থিকভাবে অসচ্ছল ও মেধাবী ১৮ থেকে ২৯ বছর বয়সী শিক্ষার্থী, যারা স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে পড়ছেন অথবা শেষ করেছেন, তারা এই প্রোগ্রামে অংশগ্রহণের জন্য যোগ্য।এই প্রোগ্রামে বিশ্বের আরও অনেক মেধাবী ও আগ্রহী শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগ তৈরির সুযোগ রয়েছে।এই প্রোগ্রামের জন্য আর্থিক অনুদানও দেওয়া হয়।

এই প্রোগ্রামে তিনটি মডিউল আছে।বিদেশি শিক্ষার্থীদের জন্য সম্পূর্ণ অর্থায়িত নেতৃত্বের এই প্রোগ্রাম ৮ সপ্তাহের।কোনো শিক্ষার্থী বাড়িতে বসেই আন্তর্জাতিক শিক্ষা ও নেতৃত্বের অভিজ্ঞতা অর্জন করতে চাইলে সম্পূর্ণ অর্থায়িত এই প্রোগ্রামে অংশ নিতে পারেন।

প্রোগ্রামের সুবিধাগুলো

বিশ্বমানের শিক্ষা: শিক্ষার্থীরা হার্ভার্ডসহ শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও বিশেষজ্ঞদের ক্লাস করার সুযোগ পাবেন।

নেতৃত্ব বিকাশ: একাডেমিক ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পর্কিত বিভিন্ন প্রশিক্ষণ থাকবে।

আর্থিক সহায়তা: উচ্চশিক্ষার জন্য অনুদান এবং নতুন আইডিয়া বাস্তবায়নের জন্য অর্থায়নের সুযোগ থাকবে।

আন্তর্জাতিক সংযোগ: বিশ্বের অন্যান্য অ্যাম্পায়ার শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় ও অভিজ্ঞতা অর্জনের সুযোগ থাকবে।

ব্যবহারিক দক্ষতা উন্নয়ন: কর্মশালা ও প্রশিক্ষণের মাধ্যমে বাস্তবজীবনে প্রয়োজনীয় দক্ষতা গড়ে তোলার সুযোগ।

আবেদন করবেন যেভাবে: আগ্রহী শিক্ষার্থীদের ৩০ এপ্রিলের মধ্যে আবেদন করতে হবে।আবেদনের বিস্তারিত প্রক্রিয়া ও অনলাইন ফর্ম পূরণের নির্দেশনা জানতে নির্দিষ্ট ওয়েবসাইট ভিজিট করুন।

বিশ্বমানের শিক্ষার দরজা খুলে দিতে এই সুযোগ হতে পারে আপনার জীবনের নতুন অধ্যায়ের সূচনা।তাই যোগ্য হলে দেরি না করে আবেদন করুন।

শিক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:35

URL: https://www.timestodaybd.com/international/15922240